

কথাসাহিত্যিক মুহম্মদ জুবায়ের আর নেই

নিউজ বাংলা প্রতিবেদন
বুধবার, ২৪ সেপ্টেম্বর ২০০৮



টেক্সাস প্রবাসী কথাসাহিত্যিক মুহম্মদ জুবায়ের আর নেই। ডালাস সময় আজ সন্ধ্যা সাতটা নয়ে রিচার্ডসন হাসপাতালে তিনি ইনতেকাল করেন (ইল্লা লিল্লাহি....রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল মাত্র চুয়ান্ন বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে, এক মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। নিউজ বাংলার পক্ষ থেকে আমরা তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানাই।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজী সাহিত্যে মাস্টার্স করেন। সত্তর দশকের প্রথমার্ধে তাঁর লেখালেখি শুরু হলেও দীর্ঘ বিরতির পর ২০০০ সাল থেকে তার কলম আবারও সচল হয়। গল্প উপন্যাস, সংবাদপত্রের কলাম ও ব্যক্তিগত রচনাসহ অসংখ্য সাহিত্যকর্ম রচনা করেন। সাহিত্য ও সমকালীন জীবনধারা নিয়ে তাঁর ক্ষুরধার লেখা পাঠকদের হৃদয় স্পর্শ করে। বাংলা অন-লাইন ব্লগ [সচলায়তন কমিউনিটিতে](#) তার নিয়মিত কলাম নতুন প্রজন্মকে সাহিত্য ও সমাজভাবনায় স্পন্দিত করে। সচলায়তনে ২০০৭ সালের জুন মাস থেকে মোট ১৯৪টি লেখা প্রকাশ করেন। নিউজ বাংলার পাঠকদের জন্য মুহম্মদ জুবায়েরের [নিয়মিত কলামের লিংক](#) যোগ করা হলো। তিনি নিউ ইয়র্ক থেকে প্রকাশিত [এনওয়াই বাংলাতেও](#) লিখতেন।

